গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা
www.jdpc.gov.bd

# ১.৬ কাঁচামাল ব্যাংক পরিদর্শন

(২০২৪-২০২৫ অর্থবছর)
কাঁচামাল ব্যাংক

| ক্র.নং | কার্যক্রমের নাম | স্থান | সময়কাল |
|---|---|---|---|
| ০১। | কাঁচামাল ব্যাংক পরিদর্শণ | কাঁচামাল ব্যাংক (রংপুর) | ০৯ ফেব্রয়ারি/২০২৫ |
| ০২। | কাঁচামাল ব্যাংক পরিদর্শণ | কাঁচামাল ব্যাংক (চট্টগ্রাম) | ১০ ফেব্রয়ারি/২০২৫ |
| ০৩। | কাঁচামাল ব্যাংক পরিদর্শণ | কাঁচামাল ব্যাংক (যশোর) | ২১ এপ্রিল/২০২৫ |
| ০৪। | কাঁচামাল ব্যাংক পরিদর্শণ | কাঁচামাল ব্যাংক (ঢাকা) | ১৯ মে /২০২৫ |

০৭।০৭।২৫
মোঃ মোজাহিদুল ইসলাম
মনিটরিং এ্যান্ড এক্সটেনশন এক্সিকিউটিভ
জেডিপিসি, বস্ত্র ও পাটমন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

07.07.2025
Seema Bose Adhara
Director (MRP), JDPC
Ministry of Textiles & Jute
Govt. of the People's Republic of Bangladesh

06/07/2025
Md. Jahid Hossain
(Join Secretary)
Executive Director (Add. Charge)
Jute Diversification Promotion Centre
Ministry of Textiles & Jute
Govt. of the People's Republic of Bangladesh

বরাবর
নির্বাহী পরিচারক
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
১৪৫,মনিপুরী পাড়া,তেজগাঁও
ঢাকা-১২১৫।

তারিখ: ০৯.০২.২৫ ইং

বিষয়: কাঁচামাল ব্যাংক (রংপুর) পরিদর্শনের প্রতিবেদন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর কার্যক্রম ১.৬ মোতাবেক জেডিপিসি'র ০২/০২/২০২৫ খ্রিঃ তারিখের ২৪.০৯.০০০০.০০০.০০.১২০.২০-১৬৭ নং স্মারক মোতাবেক বহুমুখী পাটশিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) এর আতাধীন কাঁচামাল ব্যাংক (রংপুর) পরিদর্শন করি। উক্ত পরিদর্শন প্রতিবেদন আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

আপনার বিশ্বস্থ

৯|০২|২৫

( মোঃ মোজাহিদুল ইসলাম)
মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ
জেডিপিসি, ঢাকা-১২১৫।

সংযুক্তঃ ০১। পরিদর্শন প্রতিবেদন ০৩ পাতা।

# বহুমুখী পাটশিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) এর আওতাধীন কাঁচামাল ব্যাংক (রংপুর) এর পরিদর্শন প্রতিবেদন




ভ্রমনের তারিখ: ০৯ ফেব্রুয়ারি ২০২৫

ভ্রমনের স্থান: জেইএসসি,রংপুর

মোঃ মোজাহিদুল ইসলাম
মনিটরিং এ্যান্ড এক্সটেনশন এক্সিকিউটিভ
জেডিপিসি, বস্ত্র ও পাটমন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বহুমুখী পাটশিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) এর আওতাধীন কাঁচামাল ব্যাংক (রংপুর) পরিদর্শন প্রতিবেদন।


জেডিপিসির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর কার্যক্রম ১.৬ মোতাবেক জেডিপিসি'র ০২/০২/২০২৫ খ্রিঃ তারিখের ২৪.০৯.০০০০.০০০.০০.১২০.২০-১৬৭ নং স্মারক মোতাবেক বহুমুখী পাটশিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) এর আতাধীন কাঁচামাল ব্যাংক (রংপুর) এর কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে কি না তা যাচাই-এর জন্য সরেজমিন পরিদর্শন করি। পরিদর্শন শেষে নির্দেশমতো গত ০৮-০২-২০২৫ তারিখে রংপুর রওনা করে ১০-০২-২০২৫ তারিখে পরিদর্শন শেষে ঢাকায় ফিরে আসি।

**কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা:**

বহুমুখী পাটশিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) রংপুর এর কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে কি না তা যাচাই-এর জন্য সরেজমিন পরিদর্শন করি এবং সার্বিক কার্যক্রম পর্যালোচনা করি । পর্যালোচনায় দেখা যায় যে, কিছু কার্যক্রম লক্ষমাত্রা অনুযায়ী অর্জিত হচ্ছে এবং কিছু কার্যক্রম অর্জিত হচ্ছে না। তাই লক্ষমাত্রা অনুযায়ী কার্যক্রম অর্জনের বিষয়ে জনাব মো: দিদারুল হক, সেন্টার ইন-চার্জকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। নিম্নে ২০২৪-২০২৫ অর্থবছরের কাজের অগ্রগতি তুলে ধরা হলো:

| ক্রনং . | কার্যক্রমের বিবরণ | লক্ষমাত্রা | অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ | ০২ টি | ০১ টি | |
| ০২. | মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ | ০২টি | ০১টি | |
| ০৩. | সচেতনতামূলক/উদ্ধুদ্ধকরণ কর্মশালা | ০১টি | ০১টি | |
| ০৪. | ক্রেতা-বিক্রেতা সম্মেলন আয়োজন | ০১টি | ০১টি | |
| ০৫. | উদ্যোক্তাদের সাথে মতবিনিময় সভা | ০১টি | - | |
| ০৬. | বহুমুখী পাটপণ্য মেলায় অংশগ্রহণ | ০১টি | ০১টি | |
| ০৭. | ডিজাইন উন্নয়ন প্রশিক্ষণ | ০১টি | ০১ টি | |
| ০৮. | পণ্যের গুনগত মান উন্নয়ন প্রশিক্ষণ | ০২ টি | ০১ টি | |
| ০৯. | পণ্যরে মূল্য নিধারণ প্রশিক্ষণ | ০২ টি | ০১ টি | |
| ১০. | উদ্যোক্তাদের কাঁচামাল সরবরাহ | ৫০০০ গজ | ৪০২৭ গজ | |

মোঃ মোজাহিদুল ইসলাম
মনিটরিং এ্যান্ড এক্সটেনশন এক্সিকিউটিভ
জেডিপিসি, বস্ত্র ও পাটমন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



জেইএসসির সার্বিক কার্যক্রম পর্যালোচনা

<u>জুট এন্ট্রপ্রেনীয়রর্স সার্ভিস সেন্টার (জেইএসসি)এর আতাধীন কাঁচামাল ব্যাংক (রংপুর) এর চিত্র</u>

| | | |
|---|---|---|
| কাঁচামাল ব্যাংক রংপুর এর আওতাধীন জেলা সমূহ | : | ০৮টি |
| রংপুর এর আওতাধীন নিবন্ধিত উদ্যোক্তা | : | ১৬৭ জন |
| কাচামাল ব্যাংকের কক্ষ | : | কক্ষ: ০১ টি<br>৬৬০ বর্গফুট |
| সেন্টার ইন চার্জ | : | জনাব মো: দিদারুল হক |
| ফেব্রিক্স পাওয়া যায় | : | এফজেএফ (১৩*১৩), সুপার এফজেএফ (১৫*১৫), হ্যান্ডলুম ইত্যাদি। |
| মাসিক বিক্রি | : | ১,০০,০০০-২,৫০,০০০ টাকা |
| ফেব্রিক্স মজুদ রয়েছে | : | ২,০০০ গজ |

<u>সুপারিশসমূহ:</u>

১। জেইএসসি রংপুরে আওতাধীন উদ্যোক্তার চাহিদা মোতাবেক সকল ধরনের ফেব্রিক্স যেমন- জুট কটন, জুটন, সিবিসি, এফজেএফ (১৩*১৩), সুপার এফজেএফ (১৫*১৫), হ্যান্ডলুম ইত্যাদি রাখতে হবে।

০২। কাঁচামাল ব্যাংকের সকল ধরণের ফেব্রিক্স ও সুতার সরবরাহ বাড়াতে হবে।

৩। কাঁচামাল ব্যাংকের মজুদ শেষ হওয়ার ১৫ দিন আগে রিকোজিশন দিতে হবে।

আপনার বিশ্বস্ত

( মো: মোজাহিদুল ইসলাম )
মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ

বরাবর

নির্বাহী পরিচারক

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)

১৪৫,মনিপুরী পাড়া,তেজগাঁও

ঢাকা-১২১৫।

তারিখ: ১০.০২.২৫ ইং

বিষয়: কাঁচামাল ব্যাংক (চট্টগ্রাম) পরিদর্শনের প্রতিবেদন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর কার্যক্রম ১.৬ মোতাবেক জেডিপিসি'র ০১/০২/২০২৫ খ্রিঃ তারিখের ২৪.০৯.০০০০.০০০.০০.১২০.২০-১৬৬ নং স্মারক মোতাবেক বহুমুখী পাটশিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) চট্টগ্রাম এর আতাধীন কাঁচামাল ব্যাংক (চট্টগ্রাম) পরিদর্শন করি। উক্ত পরিদর্শন প্রতিবেদন আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

আপনার বিশ্বস্ত

১০.০২.২৫

(সৈয়দ জাকারিয়া)

পার্সোনাল অফিসার

**সংযুক্তঃ ০১। পরিদর্শন প্রতিবেদন ০৩ পাতা।**

## বহুমুখী পাটশিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) যশোর এর আওতাধীন কাঁচামাল ব্যাংক (চট্টগ্রাম) পরিদর্শন প্রতিবেদন।

জেডিপিসির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর কার্যক্রম ১.৬ মোতাবেক জেডিপিসি'র ০১/০২/২০২৫ খ্রিঃ তারিখের ২৪.০৯.০০০০.০০০.০০.১২০.২০-১৬৬ নং স্মারক মোতাবেক বহুমুখী পাটশিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) চট্টগ্রাম এর আতাধীন কাঁচামাল ব্যাংক (চট্টগ্রাম) এর কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে কি না তা যাচাই-এর জন্য সরেজমিন পরিদর্শন করি। পরিদর্শন শেষে নির্দেশমতো গত ০৭-০২-২০২৫ তারিখে রংপুর রওনা করে ০৯-০২-২০২৫ তারিখে পরিদর্শন শেষে ঢাকায় ফিরে আসি।

**কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা:**

বহুমুখী পাটশিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) চট্টগ্রাম এর কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে কি না তা যাচাই-এর জন্য সরেজমিন পরিদর্শন করি এবং সার্বিক কার্যক্রম পর্যালোচনা করি । পর্যালোচনায় দেখা যায় যে, কিছু কার্যক্রম লক্ষমাত্রা অনুযায়ী অর্জিত হচ্ছে এবং কিছু কার্যক্রম অর্জিত হচ্ছে না। তাই লক্ষমাত্রা অনুযায়ী কার্যক্রম অর্জনের বিষয়ে জনাব মো: মাজেদুর রহমান, সেন্টার ইন-চার্জকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়। নিম্নে ২০২৪-২০২৫ অর্থবছরের কাজের অগ্রগতি তুলে ধরা হলো:

| | | |
|---|---|---|
| জেইএসসি চট্টগ্রাম আওতাধীন জেলা সমূহ | : | ১৬টি |
| চট্টগ্রাম আওতাধীন নিবন্ধিত উদ্যোক্তা | : | ৪৬ জন |
| **গৃহীত কার্যক্রম**<br>সেন্টারের কার্যক্রম বিষয়ে সেন্টার ইন চার্জ বলেন যে, বছরে ০২টি প্রশিক্ষন, ০১টি সচেতনতা কর্মশালা, ০১টি ক্রেতা-বিক্রেতা সম্মিলন ও ০১টি স্থানীয় মেলায় অংশগ্রহন | : | সেন্টারের কার্যক্রম বিষয়ে সেন্টার ইন চার্জ বলেন যে, বছরে ০২টি প্রশিক্ষণ, ০১টি সচেতনতা কর্মশালা, ০১টি ক্রেতা-বিক্রেতা সম্মিলন ও ০১টি স্থানীয় মেলায় অংশগ্রহন করেন। |
| উদ্যোক্তা নিবন্ধন বিষয়ক তথ্য | : | জেইএসসি চট্টগ্রাম আওতায় ৪৬ জন নিবন্ধিত উদ্যোক্তা রয়েছেন। কিন্তু তিনি শুধু ২৩ জন উদ্যোক্তার তথ্য জানেন। |
| নতুন উদ্যোক্তা সৃষ্টি এবং নিবন্ধন | : | নাই<br>গত আট মাসে এ সেন্টারের আওতায় কোন নতুন উদ্যোক্তা নিবন্ধিত হয়নি। |
| উদ্যোক্তা ও সেবা গ্রহীতা রেজিষ্টার | : | এ সেন্টারে কোন উদ্যোক্তা বা সেবা গ্রহীতা রেজিষ্টার ব্যবহার করা হয় না |

মোঃ মোজাহিদুল ইসলাম
... অ্যান্ড এক্সটেনশন এক্সিকিউটিভ
...পিসি, বস্ত্র ও পাটমন্ত্রণালয়
...তন্ত্রী বাংলাদেশ সরকার

| | | |
|---|---|---|
| উদ্যোক্তাদের সাথে যোগাযোগ | : | অধিকাংশ উদ্যোক্তাগণ প্রয়োজন হলে টেলিফোনে যোগাযোগ করেন এবং টার্ন অভারের তথ্য সংগ্রহের জন্য কিছু প্রতিষ্ঠান পরিদর্শন করেছেন। |
| উদ্যোক্তাদের কাচাঁমাল ব্যাংক সেবা | : | নাই |
| উদ্যোক্তাদের পণ্যের বিক্রয়কেন্দ্র সেবা | : | নাই |
| বহুমুখী পাটপণ্যের ব্যবহার বৃদ্ধি, সচেতনতা তৈরী এবং উদ্যোক্তা সৃষ্টিত গ্রহীত কার্যক্রম | : | নাই |
| বহুমুখী পাটপণ্যের ব্যবহার বৃদ্ধি, সচেতনতা তৈরী এবং উদ্যোক্তা সৃষ্টিত সরকারী সংস্থা যেমন: পাট অধিদপ্তর,বিজেআরআই, তাঁত বোর্ড, বিসিকের আঞ্চলিক কার্যালয়ের সাথে যোগাযোগ বা সমন্তি কার্যক্রম গ্রহন। | : | এ সকর কার্যলয়ের অধিকাংশই তিনি চেনেন না এবং এ পর্যন্ত তিনি কোন সংস্থায়ই যেতে পারেন নি। |

জেইএসসি চট্টগ্রাম মোট উদ্যোক্তা ৪৬ জন এর মধ্যে যশোরের ১২ জন এবং বিভাগীয় শহর খুলনায় ২৬ জন ও অন্যান্য জেলায় বাকি ০৮ জন উদ্যোক্তা রয়েছে। বহুমুখী পাটপণ্য উদ্যোক্তাদের সেবা দেয়ার লক্ষ্যে এ কেন্দ্রটি স্থাপিত হলেও উল্লেখযোগ্য কোন সেবা প্রার্থী এখানে আসেনা এবং যুগপোযোগি সেবার ব্যবস্থাও এখানে নেই বিধায় এখানের কর্মকর্তা/কর্মচারীর সব সময় অলস সময় কাটাতে হয়। উদ্যোক্তা সেবার প্রয়োজনীয় উপকরনের ঘাটতি, নিয়োজিতদের নিষ্ঠা ও সেবা প্রদানে মানসিকতার অভাব, কর্মক্ষেত্রে হিসেবে তাদের অপছন্দতাও একটি বড় কারণ।

## জুট এন্ট্রপ্রেনীয়রর্স সার্ভিস সেন্টার (জেইএসসি)এর আতাধীন কাঁচামাল ব্যাংক (চট্টগ্রাম) এর চিত্র

| | | |
|---|---|---|
| কাঁচামাল ব্যাংক চট্টগ্রাম এর আওতাধীন জেলা সমূহ | : | ১০ টি |
| রংপুর এর আওতাধীন নিবন্ধিত উদ্যোক্তা | : | ৪৬ জন |
| কাচামাল ব্যাংকের কক্ষ | : | কক্ষ: ০১ টি<br>৪৪০ বর্গফুট |
| সেন্টার ইন চার্জ | : | জনাব মো: মাজেদুর রহমান |
| ফেব্রিক্স পাওয়া যায় | : | এফজেএফ (১৩*১৩), সুপার এফজেএফ (১৫*১৫) এর বিভিন্ন কালার। |
| মাসিক বিক্রি | : | ৫০,০০০-২,০০,০০০ টাকা |
| ফেব্রিক্স মজুদ রয়েছে | : | ৩,০০০ গজ |

**সুপারিশসমূহ:**

মোঃ মোজাহিদুল ইসলাম

০১। প্রতি মাসের শুরুতে উদ্যোক্তাদের সাথে আলোচনা সাপেক্ষ্যে কাঁচামালের চাহিদা নিরুপণ করতে হবে।
০২। উদ্যোক্তার চাহিদা মোতাবেক সকল ধরনের ফেব্রিক্স রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে ।
০৩। কাঁচামাল ব্যাংকে সকল ধরণের সুতার সরবরাহ বাড়াতে হবে ।
০৪। কাঁচামাল ব্যাংকের মজুদ শেষ হওয়ার ১৫ দিন আগে রিকোজিশন দিতে হবে ।
০৫। কাঁচামাল ব্যাংকে মূল্যের তালিকা রাখতে হবে।

আপনার বিশ্বস্ত

20.02.25

(সৈয়দ জাকারিয়া)
পার্সোনাল অফিসার

তারিখ: ২১.০৪.২৫ ইং

বরাবর
নির্বাহী পরিচালক
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
১৪৫,মনিপুরী পাড়া,তেজগাঁও
ঢাকা-১২১৫।

বিষয়: কাঁচামাল ব্যাংক (যশোর) পরিদর্শনের প্রতিবেদন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর কার্যক্রম ১.৬ মোতাবেক জেডিপিসি'র ১৯/০৪/২০২৫ খ্রিঃ তারিখের ২৪.০৯.০০০০.০০০.০০.১২০.২০-১৮৭ নং স্মারক মোতাবেক বহুমুখী পাটশিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (যশোর) এর আতাধীন কাঁচামাল ব্যাংক (যশোর) পরিদর্শন করি। উক্ত পরিদর্শন প্রতিবেদন আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

আপনার বিশ্বস্ত

২১/০৪/২৫

(আবদুল হান্নান মিয়াজী)
পার্সোনাল অফিসার

বরাবর
নির্বাহী পরিচালক
জেডিপিসি
১৪৫, মনিপুরিপাড়া, তেজগাও, ঢাকা

বিষয়: বহুমুখী পাট শিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) যশোর এর কাঁচামাল ব্যাংক পরিদর্শন প্রতিবেদন।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ে বিনীতভাবে জানানো যাচ্ছে যে, জুট এন্ট্রপ্রেনীয়র সার্ভিস সেন্টার (জেইএসসি) এর কাঁচামাল ব্যাংকের কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে কি না তা যাচাই-এর জন্য সরেজমিন পরিদর্শনপূর্বক তাদের কার্যক্রম সংক্রান্ত মূল্যায়ন প্রতিবেদন বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএতে) উপস্থাপনের জন্য আমাকে জেইএসসি যশোর পরিদর্শনের নির্দেশনা দেয়া হয়। নির্দেশমতো গত ১৯-০৫-২০২৫ তারিখে যশোর রওনা করে ১৯-০৫-২০২৫ তারিখে পরিদর্শন শেষে ঢাকায় ফিরে আসি। পরিদর্শনকালের প্রাপ্ত তথ্য, বাস্তবচিত্র প্রতিবেদনসহ সুপারিশ আপনার সদয় অবগতির জন্য নিম্নে পেশ করা হলো।

জুট এন্ট্রপ্রেনীয়রর্স সার্ভিস সেন্টার (জেইএসসি) যশোর এর কাঁচামাল ব্যাংক পরিদর্শন প্রতিবেদন।
সকাল ৮.৫০ মিনিটে আমি জেইএসসির সামনে উপস্থিত হই। পরিদর্শনে প্রাপ্ত তথ্য নিম্নে দেয়া হলো।

| | | |
|---|---|---|
| জেইএসসি যশোরে আওতাধীন জেলা সমূহ | : | ১৬টি |
| যশোরে আওতাধীন নিবন্ধিত উদ্যোক্তা | : | ৪৬ জন |
| জেইএসসি অফিসের তথ্য<br>যশোর কেন্দ্রটি শহরের নীল রতন ধর রোডের মেহেরুন ভিলা ২য় তলায় অবস্থিত | : | কক্ষ: ০৫ টি |
| উদ্যোক্তা নিবন্ধন বিষয়ক তথ্য | : | জেইএসসি যশোরের আওতায় খুলনা বিভাগের মোট ১৬টি জেলায় ৪৬ জন নিবন্ধিত উদ্যোক্তা রয়েছেন। |
| নতুন উদ্যোক্তা সৃষ্টি এবং নিবন্ধন | : | নিয়মিত উদ্যোক্তা সৃষ্টি এবং নিবন্ধন করা হচ্ছে |
| উদ্যোক্তা ও সেবা গ্রহীতা রেজিষ্টার | : | উদ্যোক্তা বা সেবা গ্রহীতার রেজিষ্টার ব্যবহার করা হয় |
| উদ্যোক্তাদের সাথে যোগাযোগ | : | অধিকাংশ উদ্যোক্তাগণ প্রয়োজন হলে টেলিফোনে যোগাযোগ করেন এবং টার্ন অভারের তথ্য সংগ্রহের জন্য কিছু প্রতিষ্ঠান পরিদর্শন করেছেন। |
| উদ্যোক্তাদের কাচাঁমাল ব্যাংক সেবা | : | উদ্যোক্তাদের প্রযোজন অনুযায়ী কাচাঁমালের সেবা প্রদান করা হয় |
| উদ্যোক্তাদের পণ্যের বিক্রয়কেন্দ্র সেবা | : | নাই |
| বহুমুখী পাটপণ্যের ব্যবহার বৃদ্ধি, সচেতনতা তৈরী এবং উদ্যোক্তা সৃষ্টিত গ্রহীত কার্যক্রম | : | বার্ষিক ক্যালেন্ডার অনুযায়ী কার্যক্রম করা হয় |
| বহুমুখী পাটপণ্যের ব্যবহার বৃদ্ধি, সচেতনতা তৈরি এবং উদ্যোক্তা সৃষ্টিত সরকারী সংস্থা যেমন: পাট অধিদপ্তর,বিজেআরআই, তাঁত বোর্ড, বিসিকের আঞ্চলিক কার্যালয়ের সাথে | : | তাদের সাথে নিয়মিত যোগাযোগ রয়েছে। যেকোন কার্যক্রমে তাদেরকে সম্পৃক্ত করা হয়। |

মোঃ মো[illegible]হিদুল ইসলাম
[illegible]নিটরিং এ্যান্ড এক্সটেনশন এক্সিকিউটিভ
[illegible]ডিপিসি, বস্ত্র ও পাটমন্ত্রণালয়
[illegible] বাংলাদেশ সরকার

| | | |
|---|---|---|
| যোগাযোগ ও কার্যক্রম গ্রহণ। | | |
| কাঁচামাল ব্যাংকে রক্ষিত ফেব্রিক্সের নাম | | জুট কটন,ও এফজেএফ |
| কাঁচামাল ব্যাংকের মাসিক বিক্রয় | | ২০০০০০ থেকে ৩,০০,০০০ টাকা |

**সুপারিশসমূহ:**

১। কাঁচামাল ব্যাংকের সেবাকে আরো সম্প্রসারিত করতে হবে।

২। কাঁচামাল ব্যাংকে সকল ধরনের ফেব্রিক্স যেমন- জুট কটন, জুটন, সিবিসি, এফজেএফ (১৩*১৩), সুপার এফজেএফ (১৫*১৫), হ্যান্ডলুম, জুট ক্যানভাস, ৬ এলবিএস, প্রিন্টেড ফেব্রিক্স ইত্যাদি রাখতে হবে।

৩। কাঁচামাল ব্যাংকের মজুদ শেষ হওয়ার ১৫ দিন আগে ক্রয়ের জন্য রিকোজিশন দিতে হবে।

৪। বহুমুখী পাটপণ্যের উৎপাদনে কাঁচামাল ব্যবহারকারী উদ্যোক্তাদের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে।

আপনার বিশ্বস্ত

(আবদুল হান্নান মিয়াজী)
পার্সোনাল অফিসার

বরাবর
নির্বাহী পরিচালক
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
১৪৫,মনিপুরী পাড়া,তেজগাঁও
ঢাকা-১২১৫।

তারিখ: ১৯.০৫.২৫ ইং

বিষয়: কাঁচামাল ব্যাংক (ঢাকা) পরিদর্শনের প্রতিবেদন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর কার্যক্রম ১.৬ মোতাবেক জেডিপিসি'র ১৮/০৫/২০২৫ খ্রিঃ তারিখের ২৪.০৯.০০০০.০০০.০০.১২০.২০-১৮৪ নং স্মারক মোতাবেক বহুমুখী পাটশিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) ঢাকার এর আতাধীন কাঁচামাল ব্যাংক (ঢাকা) পরিদর্শন করি। উক্ত পরিদর্শন প্রতিবেদন আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।


আপনার বিশ্বস্ত

১৯/০৫/২০২৫

( মো: জাহাঙ্গীর আলম )
প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী

# কাঁচামাল ব্যাংক-২ (ঢাকা) এর প্রতিবেদন



জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও
ঢাকা-১২১৫।

প্রতিবেদন দাখিলের তারিখ: ১৯ মে, ২০২৫ ইং

মোঃ মোজাহিদুল ইসলাম
মনিটরিং এ্যান্ড এক্সটেনশন এক্সিকিউটিভ
জেডিপিসি, বস্ত্র ও পাটমন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বহুমুখী পাটশিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি) এর আওতাধীন কাঁচামাল ব্যাংক-২ (ঢাকা) এর প্রতিবেদন।

ভূমিকাঃ

বিশ্বের দ্বিতীয় বৃহত্তম পাট উৎপাদনকারী এবং বৃহত্তম পাট ও পাটপণ্য রপ্তানীকারক দেশ বাংলাদেশ। সত্তর দশকের মাঝামাঝি সময় থেকে বিশ্ব বাজারে বাংলাদেশের পাট, প্রচলিত পাটপণ্য ও পাট শিল্প চ্যালেঞ্জের সম্মুখীন হয়; জাতীয় ও আন্তর্জাতিক প্রতিকূলতা এবং স্বল্প মূল্যের সিনথেটিক দ্রব্যের ব্যাপক আবির্ভাবসহ নানান কারণে প্রাকৃতিক তন্তু পাট তার শ্রেষ্ঠত্বের গৌরবোজ্জ্বল অধ্যায় হারাতে বসে। সেই সময়ের প্রেক্ষাপটে ২০০২ সনের মার্চ মাসে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীনে ইউরোপীয়ান কমিশনের অর্থায়নে প্রচলিত পাটপণ্য সামগ্রীর পাশাপাশি বেসরকারী উদ্যোক্তাদের উচ্চমূল্য সংযোজিত উন্নতমানের বহুমুখী পাটপণ্য সামগ্রী উৎপাদনে সহায়তা করার লক্ষ্যে জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) স্থাপিত হয়।

জেডিপিসি'র নিবন্ধিত উদ্যোক্তারা শ্রমনিবিড়,স্বল্প পূজিঁ নির্ভর ও উৎপাদন সময়কাল স্বল্প হওয়ায় জাতীয় আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিতে অবদান রাখতে সক্ষম। অন্যান্য উন্নয়নশীল দেশের মত বাংলাদেশেও ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা খাতের বিকাশ ও উন্নয়নের অপার সম্ভাবনা রয়েছে। তাছাড়াও বাংলাদেশকে শিল্পভিত্তিক অর্থনীতির দেশে পরিনত করার ক্ষেত্রে জেডিপিসি কর্তৃক আয়োজিত কাঁচামাল ব্যাংকের ভুমিকা অপরিসীম।

জেডিপিসি'র কার্যক্রমগুলোর মধ্যে অন্যতম হচ্ছে উদ্যোক্তাদের প্রয়োজনীয় কাঁচামাল সহায়তা প্রদান করা। এ কাঁচামাল সরবরাহের মাধ্যমে উদ্যোক্তাগণ সহজে ও সুলভমূল্যে কাঁচামাল ক্রয় করতে পারে। উদ্যোক্তাগণ প্রয়োজন অনুসারে সময়মত ন্যায্যমূল্যে কাঁচামাল পায় না বিধায় তাদের উৎপাদন বাধাগ্রস্থ হয়। তাদেরকে বিভিন্ন মিল থেকে কাঁচামাল সংগ্রহ করে বহুমুখী পাটপণ্য উৎপাদন করতে হয়। ফলে ক্রেতার চাহিদা অনুযায়ী নিদিষ্ট সময়ে বহুমুখী পাটপণ্য সরবরাহ করতে যেমন সমস্যা হচ্ছে তেমুনি উৎপাদন খরচও অনেক বেশী পড়ে । তাই উদ্যোক্তাদের বহুমুখী পাটপণ্য তৈরীতে কাঁচামাল উৎপাদন ও প্রাপ্তীতে সহায়তা প্রদান একটি প্রয়োজনী গুরুত্বপূর্ন কার্যক্রম। সে লক্ষ্যে জেডিপিসি'র একটি কাঁচামাল ব্যাংকের একটি পরিচালন নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন। নীতিমালা অনুযায়ী কাঁচামাল ক্রয়-বিক্রয় করা প্রয়োজন।

**কাঁচামাল ব্যাংক:**

উদ্যোক্তাগণ প্রয়োজন অনুসারে সময়মত ন্যায্যমূল্যে কাঁচামাল পায় না বিধায় তাদের উৎপাদন বাধাগ্রস্থ হয়। তাদেরকে বিভিন্ন মিল থেকে কাঁচামাল সংগ্রহ করে বহুমুখী পাটপণ্য উৎপাদন করতে হয়। ফলে ক্রেতার চাহিদা অনুযায়ী নিদিষ্ট সময়ে বহুমুখী পাটপণ্য সরবরাহ করতে যেমন সমস্যা হচ্ছে তেমুনি উৎপাদন খরচও অনেক বেশী পড়ে যাচ্ছে। এই সমস্ত বিবেচনা করে ০৬ টি জেইএসসি কেন্দ্রে একটি কাঁচামাল ব্যাংক স্থাপন করা হয়। এসব কাঁচামাল ব্যাংক থেকে উদ্যোক্তাগণ সহজে ও সুলভমূল্যে কাঁচামাল ক্রয় করতে পারে। সনাতন পাটপণ্যের পাশাপাশি পাটের তৈরি বহুমুখী পাটপণ্য সামগ্রী উৎপাদনে উল্লেখযোগ্য সামর্থ্য ও দক্ষতা বৃদ্ধি, নতুন নতুন ডিজাইন অন্বেষণ, পাটপণ্যের গুনগত মান উন্নয়ন, নতুন প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে সারা বাংলাদেশ ও বর্হিঃবিশ্বে বহুমুখী পাটপণ্যের বাজার সম্প্রসারণ, পাট শিল্পের পুনরুজ্জীবন এবং এর সাথে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সম্পৃক্ত

মোঃ মোজাহিদুল ইসলাম
নিটিং এ্যান্ড এক্সটেনশন এক্সিকিউটিভ
জেডিপিসি, বস্ত্র ও পাটমন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সকলের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধন। এছাড়া গুনগত ও মানসম্পন্ন কাঁচামাল উৎপাদনে সহায়তার মাধ্যমে এসএমই (SME) খাতে সবার জন্য কাঁচামাল প্রাপ্তির সুযোগ তৈরির লক্ষ্যে Need base কাঁচামাল ব্যাংকের বিকল্প নেই।

**উদ্দেশ্যঃ**

* বহুমুখী পাটপণ্য তৈরির কাঁচামালের সরবরাহ নিশ্চিতকরণ।
* গুনগত ও মানসম্পন্ন কাঁচামাল উৎপাদনে সহায়তা;
* যুগপোযোগি ও বাজারের চাহিদা অনুযায়ী বহুমুখী পাটপণ্যের সরবরাহ বৃদ্ধিকরণ;
* বাজার সম্প্রসাণের মাধ্যমে দক্ষজনবল সৃষ্টি করে আত্ম কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;
* সারা বিশ্বে বহুমুখী পাটপণ্যের বাজার বৃদ্ধি করা;
* বৈদেশিক মুদ্রা অর্জন করা;

## কাঁচামাল ব্যাংক-০১:

বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাগণ যাতে সহজে ও সুলভমূল্যে কাঁচামাল পায় সে লক্ষ্যে ২০০৯ সালে কাঁচামাল ব্যাংক স্থাপণ করা হয়। এ কাঁচামাল ব্যাংক থেকে বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তাগণকে শুধু Sample তৈরির কাঁচামাল সরবরাহ করা হতো। কাঁচামাল ব্যাংক-০১: এ যে সকল সেবা প্রদান করা হতো তা নিম্নে আলোচনা করা হলো:

০১) কাঁচামাল ব্যাংকে শুধু এফজেএফ ফেব্রিক্স ও সুতা পাওয়া যেতে।
০২) এ কাঁচামাল ব্যাংক থেকে শুধু Sample তৈরির কাঁচামাল সরবরাহ করা হতো।

## কাঁচামাল ব্যাংক-০২:

উদ্যোক্তাগণ যাতে সহজে ও সুলভমূল্যে বহুমুখী পাটপণ্য তৈরির কাঁচামাল ক্রয় করতে পারে সে লক্ষ্যে কাঁচামাল ব্যাংক-২ জেডিপিসি প্রাঙ্গনে স্থাপন করা হয়। জাতীয় পাট দিবস-২০২৫ উপলক্ষ্যে ০৬ মার্চ ২০২৫ তারিখে বস্ত্র ও পাট মন্ত্রনালয়রে মাননীয় উপদেষ্টা জনাব শেখ বশিরউদ্দীন কর্তৃক কাঁচামাল ব্যাংকটির শুভ উদ্বোধন করা হয়। এ কাঁচামাল ব্যাংকে সকল উদ্যোক্তাগণ বিভিন্ন ধরণের ফেব্রিক্স ও বিভিন্ন কাউন্টের সুতা সরবরাহ করতে পারবেন। এ কাঁচামাল ব্যাংক থেকে উদ্যোক্তাগণ চাহিদা অনুযায়ী বিভিন্ন কাঁচামাল ক্রয় করতে পারেন। কাঁচামাল ব্যাংক-০২: এ যে সকল সেবা প্রদান করা হয় তা নিম্নে আলোচনা করা হলো:

০১। কাঁচামাল ব্যাংক-২ থেকে সকল ধরণের এফজেএফ ও সুপার এফজেএফ পাওয়া যায়।

০২। কাঁচামাল ব্যাংক-২ থেকে সকল কাউন্টের ন্যাচারাল ও কালার সুতা পাওয়া যায়।

০৩। কাঁচামাল ব্যাংক-২ থেকে সকল ধরণের হ্যান্ডলুম ফেব্রিক্স পাওয়া যায়।

০৪। কাঁচামাল ব্যাংক-২ থেকে সকল ধরণের জুট কটন ফেব্রিক্স ফেব্রিক্স পাওয়া যায়।

০৫। কাঁচামাল ব্যাংক থেকে সকল ধরণের বেল্ট, বেনি, পাটিবুনন পাওয়া যায়।

০৬। সহজে ও সুলভমূল্যে একই জায়গায় সকল ধরণের ফেব্রিক্স পাওয়া যাচ্ছে।

০৭। উদ্যোক্তাগণ একই সাথে সকল ফেব্রিক্স কিনতে পারায়, ফেব্রিক্সে দাম ও যাতায়াত খরচ কম পড়ছে।

মোঃ মোজাহিদুল ইসলাম
সিনিয়র ট্রেনিং এ্যান্ড এক্সটেনশন এক্সিকিউটিভ
জেডিপিসি, বস্ত্র ও পাটমন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০৮। ফেব্রিক্স ও সুতা উৎপাদকারী উদ্যোক্তাগণ একই প্রতিষ্টান (জেডিপিসি) এর কাছে বিক্রি করতে পারায় তাদের হ্যাসেল কমছে এবং আর্থিকভাবে লাভবান হচ্ছে।

**সুপারিশসমূহ:**

১। সকল ধরনের ফেব্রিক্স যেমন- জুট কটন, জুটন, সিবিসি, এফজেএফ (১৩*১৩), সুপার এফজেএফ (১৫*১৫), হ্যান্ডলুম, জুট ক্যানভাস, ৬ এলবিএস, প্রিন্টেড ফেব্রিক্স ইত্যাদির ক্রয় প্রক্রিয়া সহজ করতে হবে।

২। কাঁচামাল ব্যাংকের সকল ধরণের ফেব্রিক্স ও সুতার সরবরাহ বাড়াতে হবে ।

৩। কাঁচামাল ব্যাংকের মজুদ শেষ হওয়ার ১৫ দিন আগে ক্রয়ের জন্য রিকোজিশন দিতে হবে ।

৪। কাঁচামাল ক্রয় কমিটি প্রতিবছরে পরিবর্তন করতে হবে ।

আপনার বিশ্বস্ত

১৯/০৫/২০২৫

( মো: জাহাঙ্গীর আলম )
প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী